# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৫. আলিমের সাহচর্য হাজার রাকআত সালাতের চেয়ে উত্তম

এ বিষয়ে অন্য একটি বানোয়াট হাদীস:

حُضُور مَجْلِسِ عَالِمٍ أَفْضَلُ من صلاة ألف ِ ركعةٍ

“একজন আলিমের মাজলিসে উপস্থিত হওয়া এক হাজার রাক‘আত নামায পড়ার চেয়ে উত্তম।”

মুহাদ্দিসগণ বাক্যটিকে মিথ্যা হাদীস বলে গণ্য করেছেন।[1] এ জাল হাদীসটির উপর ভিত্তি করে পরবর্তীকালে আরেকটি কথা তৈরি করা হয়েছে: ‘ওলীদের সাহচর্যে এক মুহূর্ত থাকা একশত বৎসর রিয়াহীন নামায পড়ার চেয়েও উত্তম।’’ সৎ ও নেককার মানুষদের সাহচর্যে থাকা একটি গুরুত্বপূর্ণ ইবাদত। কিন্তু সাহচর্যের এ ফযীলত বানোয়াট।

## ফুটনোট

[1] মোল্লা কারী, আল আসরার, পৃ. ১১৩; আল-মাসনূ, পৃ. ৬৫; শাওকানী, আল-ফাওয়াইদ ২/৩৬৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4886

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন